কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর গত ৩০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খোরশেদ আলম এনডিসি<br>নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ৩০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ। |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | প্রশাসনিক ভবন, বারটান প্রধান কার্যালয়। |
| সংযুক্তি | সভায় উপস্থিত প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের হাজিরা পত্র 'ক'<br>সভায় আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ অনলাইনে সংযুক্ত ছিলেন। |

সভাপতি উপস্থিত ও অনলাইনে যুক্ত সকল কর্মকর্তাকে সভায় স্বাগত জানান। অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি ও বারটানের নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্তির পর প্রথম সমন্বয় সভায় নির্বাহী পরিচালক বারটানের সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মের মাধ্যমে বারটানের ইতিবাচক ভাবমূর্তি তৈরির নির্দেশনা প্রদান করেন। সময়ানুবর্তিতা, অধ্যবসায় প্রভৃতি সদগুণের উপর গুরুত্বারোপ করে তিনি বারটানের গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম জোরদার এবং আরও কার্যকর করার আহ্বান জানান। বারটানের সকল কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ থেকে নির্বাহী পরিচালক অভিনন্দন জ্ঞাপন করেন। অতপরঃ আলোচ্যসূচি অনুযায়ী জনসংযোগ কর্মকর্তা **গত ১৪ মার্চ ২০২৪** তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী জনসংযোগ কর্মকর্তা বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থিত সকল কর্মকর্তা তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলো নিম্নে উপস্থাপন করা হলো:-

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):**<br><br>১.১. বারটানের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ফোকাল পয়েন্ট জনাব সৈয়দ সাব্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা এপিএ-এর তৃতীয় প্রান্তিক পর্যন্ত (মার্চ ২০২৪) পর্যন্ত অগ্রগতি উপস্থাপন করেন। প্রকল্প সহ রাজস্ব খাতের বাস্তবায়নাধীন যেসকল প্রশিক্ষণ বাকি রয়েছে তা যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন। এপিএ-এর বাস্তবায়নাধীন প্রশিক্ষণ সংক্রান্ত সূচক সমূহের তথ্য যথাসময়ে সংকলন সম্পন্ন করার জন্য অনুরোধ করেন ফোকাল পয়েন্ট। | ১.১. বারটানের এপিএ-তে থাকা প্রশিক্ষণ সহ সকল সূচকের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>১.২. প্রশিক্ষণ সহ সকল কার্যক্রমের প্রমাণক যথাসময়ে সংকলন সম্পন্ন করতে হবে। (প্রশিক্ষণ প্রমাণক সংকলনের ছক সংযুক্ত) | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>উর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>এপিএ টিম;<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল);<br>কর্মকর্তা/কর্মচারী (সকল)। |

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০২. | **প্রশিক্ষণ**<br>বারটানের নির্বাহী পরিচালক মহোদয় প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের গুণগত মান (শিক্ষাগত যোগ্যতা) বিবেচনার পরামর্শ প্রদান করেন। তিনি প্রশিক্ষণার্থীদের সম্পর্কে রিপোর্ট প্রদানের জন্য অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে। অনলাইনে আবেদনকৃতদের মধ্যে কতজন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে তার প্রতিবেদন প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১. প্রশিক্ষণার্থী নির্বাচনের সময়ে প্রশিক্ষণার্থীদের গুণগত মান বিবেচনা করতে হবে<br>২.প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে অধ্যক্ষ মহোদয় উপস্থাপন করবেন।<br>৩. অনলাইনে আবেদনের মাধ্যমে আগ্রহী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ আয়োজনে গুরুত্ব প্রদান করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>ঊর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>এপিএ টিম;<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল);<br>কর্মকর্তা/কর্মচারী (সকল)। |
| ০৩। | **গবেষণা**<br>বারটানে সম্পাদিত গবেষণাসমূহ নিয়ে গবেষণা সংক্রান্ত প্রকাশনা প্রস্তুতের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে সভাকে অবগত করেন তাসনীমা মাহজাবীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা। গবেষণালব্ধ তথ্য অথবা সাম্প্রতিক বহুল আলোচিত ফলিত পুষ্টি বিষয়ক যেকোনো বিষয়ে প্রবন্ধ উপস্থাপনের কার্যক্রম পুনরায় চালু করার বিষয়ে আলোচনা হয়। গবেষণা লব্ধ তথ্যের ভিত্তিতে সহজ ভাষায় লিফলেট/পোস্টার/ক্ষুদ্র পুস্তিকা প্রস্তুতের বিষয়ে আলোচনা হয়। | ১. মে, ২০২৪ এর মধ্যে গবেষণা সংক্রান্ত প্রকাশনা চূড়ান্ত করতে হবে।<br>২. জ্যেষ্ঠতার ক্রমানুসারে গবেষণা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ গবেষণালব্ধ তথ্য অথবা সাম্প্রতিক বহুল আলোচিত ফলিত পুষ্টি বিষয়ক সেমিনার প্রদান করবেন। আগামী ৭/৮ মে, ২০২৪ খ্রিঃ তারিখে ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা সেমিনার প্রদান করবেন। পরবর্তী জুন, ২০২৪ খ্রিঃ তে ড. আঃ মজিদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা সেমিনার প্রদান করবেন।<br>৩. বারটানের নিজস্ব অর্থে বাস্তবায়নকৃত গবেষণালব্ধ তথ্যের ভিত্তিতে লিফলেট/পোস্টার/ক্ষুদ্র পুস্তিকা প্রস্তুত করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>অধ্যক্ষ<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>ঊর্ধ্বতন প্রশিক্ষক (সকল);<br>এপিএ টিম;<br>বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল);<br>প্রশিক্ষক;<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, (সকল);<br>কর্মকর্তা/কর্মচারী (সকল)। |
| ০৪. | **ডি-নথি ও ওয়েবসাইট:**<br>ডি-নথি এবং ওয়েবসাইট আরও কার্যকর করার বিষয়ে নির্বাহী পরিচালক মহোদয় কথা বলেন। সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন বিগত ত্রৈমাসিকে বারটানের ডি নথিতে প্রেরিত পত্রের সংখ্যা ৯০% তে উন্নীত হয়েছে। বারটানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করে উক্ত কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান নির্বাহী পরিচালক মহোদয়। যথাসময়ে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। | ১. ডি নথিতে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২.২ ওয়েবসাইট সময়মতো হালনাগাদ করতে হবে। | সহকারী প্রোগ্রামার,<br>আঞ্চলিক কার্যালয় প্রধানগণ |

| ক্রমিক নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৫. | **বিবিধ**<br>বারটানের আইডি কার্ড প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। আইডি নম্বর প্রদানের ধরন সভায় উপস্থাপন করা হয়। শাখাভিত্তিক ফাইলের কোড নম্বর প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১. বারটানের আইডি কার্ডের নম্বর প্রদানের ধরন নির্ধারণ করে নথিতে অনুমোদন করে আইডি নম্বর প্রদান করতে হবে।<br>২. শাখা অনুযায়ী শাখা কোড প্রদান করা হবে, তবে স্মারক নম্বর কেন্দ্রীয়ভাবে প্রশাসন শাখা থেকে গ্রহণ করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা |

০২। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২৪


(মোঃ খোরশেদ আলম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০৯৬১১২৮৭২৮৭
E-mail: cd@birtan.gov.bd


স্মারক নং-১২.০৯.০০০০.০০১.০৬.০০৩.২৩- ২৩১৫

তারিখঃ ২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি

০১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০২। অধ্যক্ষ, বারটান।
০৩। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০৪। ঊর্ধ্বতন প্রশিক্ষক (সকল), বারটান।
০৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
০৬। প্রশিক্ষক (সকল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৭। সহকারী পরিচালক (সকল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৮। সহকারী প্রোগ্রামার, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৯। সহকারী প্রকৌশলী (সিভিল), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১০। সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান ও সকল আঞ্চলিক কার্যালয়, বারটান।
১১। সহকারী প্রশিক্ষক, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১২। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।